Series #CDBA

**SET-4**

Q.P. Code **07**

Roll No. | | | | | | | | |

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **15** ছাপা পৃষ্ঠা রয়েছে।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে। উত্তরপত্রের মুখ্য পাতায় ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে।
- **উত্তর শুরু করার আগে প্রশ্নের ক্রমিক সংখ্যা (Serial Number) লিখতে হবে।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে। 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে। এই সময়ে কোনো উত্তর লেখা চলবে না।

- Please check that this question paper contains **15** printed pages.
- Please check that this question paper contains **16** questions.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- **Please write down the Serial Number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the candidates will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা
# BENGALI

*সময়: **3** ঘন্টা*
*Time allowed : **3** hours*

*সর্বমোট অঙ্ক: **80***
*Maximum Marks : **80***

**General Instructions :**

সাধারণ নির্দেশ :

1. The question paper contains **15** printed pages.
প্রশ্নপত্রে **১৫টি** মুদ্রিত পৃষ্ঠা আছে।

2. The question paper contains **16** questions.
প্রশ্নপত্রে **১৬টি** প্রশ্ন আছে।

3. The question paper is divided into **two** parts.
প্রশ্নপত্রটি **দুটি** ভাগে বিভক্ত।

| | | |
|---|---|---|
| **PART – I** | : Objective type questions (MCQ) | : **25 marks** |
| **ভাগ – I** | : নৈর্ব্যক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক) | : **২৫ নম্বর** |
| **PART – II** | : Descriptive type question | : **55 marks** |
| **ভাগ – II** | : বর্ণনামূলক প্রশ্ন | : **৫৫ নম্বর** |

4. **Part – I** has **three** sections
**ভাগ – I**-তে **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – A** | : Reading (Unseen Comprehension) | : **12 Marks** |
| **বিভাগ – A** | : পঠন (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ) | : **১২ নম্বর** |
| **Section – B** | : Grammar | : **03 Marks** |
| **বিভাগ – B** | : ব্যাকরণ | : **০৩ নম্বর** |
| **Section – C** | : Main Course Book & Supplementary Reader | : **10 Marks** |
| **বিভাগ – C** | : মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ | : **১০ নম্বর** |

5. **Part – II** has **three** sections :
**ভাগ – II**-তে **তিনটি** বিভাগ :

| | | |
|---|---|---|
| **Section – B** | : Grammar | : **15 Marks** |
| **বিভাগ - B** | : ব্যাকরণ | : **১৫ নম্বর** |
| **Section – C** | : Main Course Book | : **30 Marks** |
| **বিভাগ – C** | : মূল পাঠ্য পুস্তক | : **৩০ নম্বর** |
| **Section – D** | : Creative Writing | : **10 Marks** |
| **বিভাগ – D** : | সৃজনাত্মক লিখন | : **১০ নম্বর** |

## ভাগ – I : নৈর্বক্তিক প্রশ্ন (নির্বাচনমূলক প্রশ্ন)

## PART – I : Objective Type Question (MCQ) (25 marks)

### বিভাগ – A (পঠন)

### SECTION – A (READING)

### (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ)

### (Unseen Comprehension)

1. নীচের তিনটি গদ্যাংশ পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো।

(A) সুরপতি ত্রিপুরাবাবুকে শেফাল্লোর কথা বলল। যে-জিনিস হাজার হাজার দর্শক দেখে আনন্দ পাচ্ছে, তারিফ করছে, তার কি কোনোই সার্থকতা নেই ? খাঁটি ম্যাজিক তো সুরপতি অশ্রদ্ধা করছে না। কিন্তু সে পথে কোনো ভবিষ্যৎ নেই। তাই সুরপতি এই পথ বেছে নিয়েছে। 4×1 = 4

ত্রিপুরাবাবু হঠাৎ যেন উত্তেজিত হয়ে উঠলেন।

'শোনো সুরপতি, তুমি যদি সত্যিই বুঝতে পারতে আসল ম্যাজিক কী জিনিস তাহলে তুমি নকলের পিছনে ধাওয়া করতে না। হাতসাফাই তো ওর শুধু একটা মাত্র অঙ্গ। অবিশ্যি তারও যে কত শ্রেণিবিভাগ আছে তার শেষ নেই। যৌগিক ক্রিয়ার মতো সে-সব সাফাই মাসের পর মাস, বছরের পর বছর অভ্যাস করতে হয়। কিন্তু এ ছাড়াও তো আরো কত কী আছে। হিপ্‌নটিজ্‌ম ! কেবল চোখের চাহনির জোরে মানুষকে সম্পূর্ণ তোমার বশে এনে ফেলতে পারবে। এমন বশ করবে যে সে তোমার হাতে কাদা হয়ে যাবে। তারপর ক্লেয়ারভয়েন্স, বা টেলিপ্যাথি, বা থটরিডিং। অপরের চিন্তার জগতে তুমি অবাধ চলাফেরা করতে পারবে। একজনের নাড়ী টিপে বলে দেবে সে কী ভাবছে। তেমন শেখা হয়ে গেলে পরে তাকে স্পর্শও করতে হবে না। কেবল মিনিট খানেক তার চোখের দিকে চেয়ে থাকলেই তার মনের কথা, পেটের কথা সব জেনে ফেলবে। এ সব কি কম ম্যাজিক ? জগতের সব সেরা ম্যাজিকের মূল হচ্ছে এই সব জিনিস। এতে কলকব্জার কোনো ব্যাপারই নেই। আছে শুধু সাধনা, নিষ্ঠা, একাগ্রতা।'

(I) সুরপতি ম্যাজিকের কোন পথটিকে বেশি গ্রহণযোগ্য মনে করেছে ?

(a) খাঁটি ম্যাজিকের পথ (b) দীর্ঘ সাধনার পথ
(c) সহজ মনোরঞ্জনের পথ (d) কঠোর নিষ্ঠার পথ

(II) ত্রিপুরাবাবু কী মনে করেন ?

(a) হাতসাফাই কোনো ম্যাজিক নয় (b) হাতসাফাই সব সেরা ম্যাজিক
(c) ম্যাজিক মানেই হাতসাফাই (d) ম্যাজিক মানে শুধু হাতসাফাই নয়

(III) ত্রিপুরাবাবুর কথা অনুযায়ী সবচেয়ে কঠিন কাজ কোনটি ?

(a) চোখের দিকে চেয়ে মানুষের মন বোঝা

(b) নাড়ী টিপে মানুষের মন বোঝা

(c) স্পর্শের মাধ্যমে মানুষের মন বোঝা

(d) কলকব্জার মাধ্যমে মানুষের মন বোঝা

(IV) 'অভ্যাস' – এর বিপরিতার্থক শব্দ কোনটি ?

(a) নিরভ্যাস (b) দুরভ্যাস

(c) কুঅভ্যাস (d) অনভ্যাস

(B) বাখ-পরিবারের সংগীতের সাধনা ছিল জীবনাচরণের মতো । জার্মানির টুরিঙ্গেন অঞ্চলে একসময়ে অনেকেরই ধারণা ছিল যে সংগীতজ্ঞ-মাত্রই বাখ পরিবারভূক্ত । এরফুর্ট শহরে বাখ-পরিবারের বহু সংগীতজ্ঞ বসবাস করতেন বলেই এ ধারণা বদ্ধমূল হয়ে গেছিল । জনশ্রুতি আছে বাখ পরিবারের সঙ্গে পরিচিত পাঁচজন বলত বাখদের শিরায় রক্ত নেই, আছে সংগীতের ধারা । এমন এক পরিবারে নিজেকে সংগীতজ্ঞ হিসাবে প্রতিষ্ঠিত করা বড়ো সহজ কাজ নয় । কিন্তু ইয়োহান সেবাস্টিয়ান বাখ তা পেরেছিলেন । কেবল তাই নয়, সংগীতের জগতে তাঁর কীর্তি এমনই অসামান্য যে পাশ্চাত্য সংগীতের জনকরূপে তিনি আজ সারা বিশ্বে স্বীকৃতি লাভ করেছেন । **4×1 = 4**

বাখ জন্মগ্রহণ করেছিলেন ১৬৮৫ খ্রিস্টাব্দে । দশ বছর বয়সে তাঁর পিতৃবিয়োগ ঘটে । বড়ো ভাইয়ের আশ্রয়ে প্রতিপালিত হওয়ার সময় থেকেই সকলে জানতে পারে তাঁর প্রবল সঙ্গীতানুরাগের কথা । এ বিষয়ে একটি সুন্দর গল্পও আছে । বাখের যখন বারো বছর বয়স তখন বাড়ির বড়োরা কোনো একটি স্বরলিপির বইতে হাত দিতে তাঁকে নিষেধ করেছিলেন । তাঁর মনে বড়োই কষ্ট হয়েছিল তাতে । কী করে সেই সুরটি তুলে নেওয়া যায় সে বিষয়ে তিনি বহু জল্পনাকল্পনা করলেন । শেষ পর্যন্ত কাউকে কিছু না জানিয়ে গভীর রাত্রে চাঁদের আলোয় বসে গোটা বইখানা নকল করে ফেললেন । বলা বাহুল্য, একাধিক রাত্রে তিনি একেবারেই শয্যাগ্রহণ করতে পারেননি ।

(I) গদ্যাংশটির মূল আলোচ্য বিষয় কী?

(a) ইয়োহান সেবাস্টিয়ান বাখের জীবন

(b) পাশ্চাত্য সংগীতে জার্মানির অবদান

(c) বাখ-পরিবারের বৈশিষ্ট্য

(d) পাশ্চাত্য সংগীতের ধারা

(II) বাখের পক্ষে নিজেকে সংগীতজ্ঞ হিসাবে প্রতিষ্ঠিত করা বড়ো সহজ কাজ ছিল না। কারণ –

(ক) : মাত্র দশ বছর বয়সে বাখ্-এর পিতৃবিয়োগ ঘটে।

(খ) : বাখ্ পরিবারে অনেক সংগীতজ্ঞ ছিলেন।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) দুটোই ঠিক

(d) কারণ (ক) এবং (খ) দুটোই ভুল

(III) 'এ বিষয়ে একটি সুন্দর গল্পও আছে।' – কোন বিষয়ে ?

(a) বাখের ছেলেমানুষি বিষয়ে

(b) বাখের সাহস বিষয়ে

(c) বাখের নির্বুদ্ধিতা বিষয়ে

(d) বাখের সংগীত-প্রীতি বিষয়ে

(IV) 'কী করে সেই সুরটি তুলে নেওয়া যায় সে বিষয়ে তিনি বহু জল্পনাকল্পনা করলেন।' বাক্যটিকে সাধুভাষায় রূপান্তরিত করলে হবে –

(a) কী করিয়া সেই সুরটি তুলিয়া নেওয়া যায় সে বিষয়ে তিনি বহু জল্পনাকল্পনা করিলেন।

(b) কী করিয়া সেই সুরটি তুলিয়া লইয়া যায় সে বিষয়ে তিনি বহু জল্পনাকল্পনা করিলেন।

(c) কী করিয়া সেই সুরটি তুলাইয়া লওয়া যায় সে বিষয়ে তিনি বহু জল্পনাকল্পনা করিলেন।

(d) কী করিয়া সেই সুরটি তুলিয়া লওয়া যায় সেই বিষয়ে তিনি বহু জল্পনাকল্পনা করিলেন।

(C) বীট্‌ল বা গুবরে পোকারা যে কোটি কোটি বছর ধরে এই পৃথিবীতে টিকে আছে, লুপ্ত হয়ে যায়নি, তার প্রধান কারণ এরা সর্বভূক। ... বিভিন্ন প্রজাতির বীট্‌ল আমরা যতরকম খাদ্যবস্তুর কল্পনা করতে পারি, সে সবই এরা খাদ্য হিসেবে গ্রহণ করে থাকে... । যাদের খাদ্য-দ্রব্যের মধ্যে এত বৈচিত্র্য, তাদের তো কখনও খাদ্যের অভাব হয় না। তাই তাদের যে এই পৃথিবীর যে-কোনো স্থানেই পাওয়া যাবে, তাতে অবাক হবার কিছু নেই। ... বীট্‌ল ছোটো-বড়ো নানা সাইজের হয়ে থাকে। এই পৃথিবীতে সবচেয়ে বড়ো সাইজের বীট্‌ল হল আফ্রিকার গোলিয়াথ বীট্‌ল, যার দৈর্ঘ্য ১০ সেন্টিমিটার পর্যন্ত হয়ে থাকে। তারপরেই স্থান হল অদ্ভুতদর্শন রাইনোসেরস বীট্‌ল বা গণ্ডার-পোকার। বৃটিশ স্ট্যাগ বীট্‌ল বা হরিণ-পোকাও একেবারে কম যায় না। এর দৈর্ঘ্য ৫ সেন্টিমিটার পর্যন্ত হয়ে থাকে। এই বীট্‌ল দেখতে খুবই ভয়ংকর। কিন্তু সৌভাগ্যবশত তেমন বিপজ্জনক নয়। কারণ এর চোয়াল-সংলগ্ন মাংসপেশি এত দুর্বল যে তার পক্ষে যন্ত্রণাদায়ক কামড় দেওয়া সম্ভব হয় না। অপরদিকে সবচেয়ে ছোটো যে বীট্‌লের সন্ধান পাওয়া যায় তার দৈর্ঘ্য মাত্র ০.২৫ সেন্টিমিটার। **4×1 = 4**

(I) বীট্‌ল বা গুবরে পোকাদের পৃথিবীর যে-কোনো স্থানেই পাওয়া যাবে। – কারণ

(ক) : এরা বিভিন্ন প্রজাতির হয়ে থাকে

(খ) : এরা বিভিন্ন সাইজের হয়ে থাকে।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) – দুটোই ঠিক

(d) কারণ (ক) এবং (খ) – দুটোই ভুল

(II) বৃটিশ স্ট্যাগ বীট্‌লের সাইজ বা আকার

(a) গোলিয়াথ বীট্‌লের চেয়ে বড়ো

(b) রাইনোসেরস বীট্‌লের চেয়ে বড়ো

(c) রাইনোসেরস বীট্‌লের চেয়ে বড়ো কিন্তু গোলিয়াথ বীট্‌লের চেয়ে ছোটো

(d) রাইনোসেরস বীট্‌ল এবং গোলিয়াথ বীট্‌ল – উভয়ের চেয়ে ছোটো

(III) কোন মন্তব্যটি ঠিক ?

(a) সবরকম বীট্‌লই ভয়ংকর-দর্শন।

(b) সবরকম বীট্‌লই অদ্ভুতদর্শন।

(c) ভয়ংকর-দর্শন বীট্‌ল মাত্রেই বিপজ্জনক নয়।

(d) রাইনোসেরস বীট্‌ল মাত্রেই অদ্ভুতদর্শন নয়।

(IV) 'সন্ধান' শব্দটি সন্ধি-বিচ্ছেদ করলে হবে -

(a) সম্+ধান (b) সন্+ধান

(c) সং+ধান (d) সঞ+ধান

## বিভাগ – B

## SECTION – B

### (ব্যাকরণ)

### (Grammar)

2. ব্যাকরণগত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। (যে কোনো **তিনটি**) (any **three**) **3 × 1 = 3**

(I) ভিড় ঠেলে কেউই এগোতে পারছে না। – বাক্যটির সাধুভাষা-রূপ কী হবে ?

(a) ভিড় ঠেলিয়া কেউই এগোতে পারিতেছে না।

(b) ভিড় ঠেলিয়া কেহই এগোতে পারিতেছে না।

(c) ভিড় ঠেলিয়া কেহই আগাইতে পারিতেছে না।

(d) ভিড় ঠেলিয়া কেহই এগাইতে পারিতেছে না।

(II) ভেবে-চিন্তে কাজ কোরো। – সাধুভাষায় রূপান্তরিত করলে হবে

(a) ভাবিয়া-চিন্তিয়া কাজ করিও।

(b) ভাবিয়া-চিন্তিয়া কাজ কইরো।

(c) ভাবিয়ে-চিন্তিয়ে কাজ করাইও।

(d) ভাবাইয়া-চিন্তাইয়া কাজ করিও।

(III) 'আবার এসো।' — বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তরিত করলে এর ক্রিয়াপদের রূপটি হবে -

(a) আইস (b) আসিও (c) আসো (d) এসিও

(IV) দুষ্টু গোরুর চেয়ে শূন্য গোয়াল ভালো। - বাক্যটিকে সাধুভাষায় রূপান্তরিত করলে 'চেয়ে' অনুসর্গটির রূপ কী হবে ?

(a) থিকা (b) চাইতে (c) অধিক (d) অপেক্ষা

(V) 'বলপূর্বক লিখাইয়া লইয়াছে।' — বাক্যটির সঠিক চলিতভাষারূপ কোনটি ?

(a) জোরপূর্বক লিখিয়ে লয়েছে। (b) জোর করে লিখিয়ে নিয়েছে।

(c) জোর করিয়ে লিখিয়ে নিয়েছে। (d) জোরপূর্বক লিখে নিয়েছে।

## বিভাগ – C

## SECTION – C

## (মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ / অননুপুঙ্খ পাঠ)

## (Main Course Book & Supplementary Reader / Non-detailed text) : (MCQ)

3. পাঠ্য গল্প থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। যে কোনো **ছ'টি**। **6 × 1 = 6**

(I) আলোবাবু দু আনা পয়সা দিয়ে পাখির ছানাটিকে কিনেছিলেন কেন ?

(a) পোষার জন্য
(b) বিক্রি করার জন্য
(c) ছানাটিকে বাঁচানোর জন্য
(d) লেখককে উপহার দেবার জন্য

(II) 'আমার এক দূর-সম্পর্কের ভাগনীর শ্বশুর উনি।' — কে কার দূর-সম্পর্কের ভাগনীর শ্বশুর ?

(a) অবিনাশবাবু লেখকের
(b) অবিনাশবাবু আলোবাবুর
(c) আলোবাবু অবিনাশবাবুর
(d) লেখক অবিনাশবাবুর

(III) ‘তপন অবশ্য মাসির এই হইচইতে মনে মনে পুলকিত হয়।’ – কারণ

(ক) : ছোটোমেসো তার লেখার প্রকৃত মূল্য বুঝবে।

(খ) : ছোটোমেসো তার লেখা ‘কারেকশন’ করে দেবে।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) – দুটোই ভুল

(d) কারণ (ক) এবং (খ) – দুটোই ঠিক

(IV) তপনের নতুন মেসো কোন ধরণের মানুষ ?

(a) দাম্ভিক (b) রাশভারী

(c) মিশুকে (d) উদাসীন

(V) হরিদা জগদীশ বাবুর দেওয়া প্রণামীর টাকা গ্রহণ করেননি। কারণ –

(ক) : তিনি বিরাগী চরিত্রটির বিশ্বাসযোগ্যতা নষ্ট করতে চাননি।

(খ) : তিনি একজন ঠকবাজ হিসেবে রোজগার করতে চাননি।

(a) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(b) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(c) কারণ (ক) এবং (খ) – দুটোই ভুল

(d) কারণ (ক) এবং (খ) – দুটোই ঠিক

(VI) স্কুলের ছেলেরা হরিদার কোন সাজ দেখে ভয় পেয়েছিল ?

(a) সাহেবের (b) বাইজির

(c) পুলিশের (d) পাগলের

(VII) অমৃত ইসাবকে জামা বদলের বুদ্ধি দিল। কারণ তা হলে -

(a) দুজনের মধ্যে একজনকে মার খেতে হবে

(b) দুজনের কাউকেই মার খেতে হবে না

(c) দুজনেই সমান মার খাবে

(d) দুজনেই কম মার খাবে

(VIII) 'কিন্তু আমার তো মা রয়েছে।' — অমৃতের এই কথাটিকে ইসাবের বাবার কী মনে হয়েছে ?

(a) খাঁটি কথা (b) সুন্দর কথা

(c) কঠিন কথা (d) কথার কথা

4. গল্পগুচ্ছ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। যে-কোনো **চারটি** (any **four**)।

**4 × 1 = 4**

(I) শশিভূষণের জমিদারি নিলামে কেনার পর ক্রেতা তা বিক্রি করতে বাধ্য হয়েছিলেন।

কারণ (ক) : তাঁর জমিদারি চালানোর অভিজ্ঞতার অভাব।

কারণ (খ) : প্রজাদের বিরুদ্ধাচার।

(a) কারণ (ক) এবং (খ) — দুটোই ঠিক

(b) কারণ (ক) এবং (খ) — দুটোই ভুল

(c) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল

(d) কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক

(II) 'কাবুলিওয়ালা' গল্পে মিনির বাবা নিজেকে 'উদ্ভিজ্জ প্রকৃতি' বলে কী বোঝাতে চেয়েছেন ?

(a) নিরীহ স্বভাব (b) কঠোর স্বভাব

(c) অচরিষ্ণু স্বভাব (d) চঞ্চল স্বভাব

(III) প্রথম দিন মিনি কাবুলিওয়ালার ঝুলির দিকে কোন চোখে তাকাচ্ছিল ?

(a) লোভের চোখে

(b) সন্দেহের চোখে

(c) ঘৃণার চোখে

(d) বিরক্তির চোখে

(IV) উলাপুর গ্রামের পোস্টঅফিসটি স্থাপিত হয়েছিল -

(a) পোস্টমাস্টারের উদ্যোগে

(b) গ্রামবাসীদের উদ্যোগে

(c) কুঠির গোমস্তাদের উদ্যোগে

(d) কুঠির মালিকের উদ্যোগে

(V) পোস্টমাস্টার হাসিয়া কহিলেন, "সে কী করে হবে ?" – এখানে কী হওয়ার কথা বলা হয়েছে ?

(a) পোস্টমাস্টারের উলাপুরে থেকে যাওয়ার কথা

(b) রতনকে একা উলাপুরে রেখে যাওয়ার কথা

(c) রতনকে সঙ্গে নিয়ে কলকাতায় যাওয়ার কথা

(d) পোস্টমাস্টারের চাকরি ছেড়ে যাওয়ার কথা

(VI) রাধামুকুন্দ নিজের স্ত্রীর গয়না বন্ধক রেখেছিলেন কেন ?

(a) খাজনা মেটানোর জন্য

(b) সংসার চালানোর জন্য

(c) জমিদারি ফিরিয়ে আনার জন্য

(d) প্রজাদের খাওয়ানোর জন্য

ভাগ – II : বর্ণনামূলক প্রশ্ন

## PART – II : DESCRIPTIVE TYPE QUESTION (55 marks)

বিভাগ – B : ব্যাকরণ (বিষয়গত)

## SECTION – B : Grammar (Subjective)

5. (A) সন্ধি-বিচ্ছেদ করো। যে কোনো **তিনটি** (any **three**)। **3 × 1 = 3**

মৃত্যুঞ্জয়; পরিচ্ছদ; নিরামিষ; জীবন্মৃত; কোত্থেকে; পিস্‌শাশুড়ি

(B) সন্ধিবদ্ধ করো। যে কোনো **দু'টি** (any **two**)। **2 × 1 = 2**

ষট্‌+আনন; দিক+নির্ণয়; ঘর+জামাই; প্রাতঃ+আশ

6. নিম্নরেখ পদগুলির ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো। যে-কোনো **পাঁচটি** (any **five**)। **5 × 1 = 5**

(I) কেনাবেচা দরদামের কথা আমি বুঝিনা।

(II) যথাবিধি বিবাহ সম্পন্ন হল।

(III) উঠতিজোয়ান ছেলেরা একটু উদ্ধত হয়, সেটা স্বাভাবিক।

(IV) বিয়ে হয়ে গেল, পরশু বউভাত হবে।

(V) দিগন্তজোড়া মাঠখানা জ্বলিয়া পুড়িয়া ফুটিফাটা হইয়া আছে।

(VI) গত দশ বছরে তোমার চেহারার আমূল পরিবর্তন হয়েছে।

(VII) আমি এর বিন্দুবিসর্গ জানি না।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির গঠনগত রূপান্তর করো। যে-কোনো **পাঁচটি** (any **five**)।

**5 × 1 = 5**

(I) বাবুটির স্বাস্থ্য গেছে, কিন্তু শখ ষোলোআনাই বজায় আছে। (সরলবাক্যে)

(II) হারুদের পাশের বাড়িটাই নাড়ুদের। (জটিলবাক্যে)

(III) পাখিটাকে খাঁচার বাইরে এনে ছেড়ে দিলাম। (যৌগিকবাক্যে)

(IV) সে সংজ্ঞা হারিয়ে মাটিতে পড়ে আছে। (যৌগিকবাক্যে)

(V) বৃষ্টি নামতেই দৌড় লাগালাম। (জটিলবাক্যে)

(VI) যদি নিজের ভালো চাও, তবে আমার কথা শোনো। (সরলবাক্যে)

(VII) আমার বক্তব্য এখানেই শেষ করলাম। (জটিলবাক্যে)

## বিভাগ – C
## SECTION – C
### (মূল পাঠ্যপুস্তক এবং সম্পূরক পাঠ/অনন্যুপুঙ্খ পাঠ)
### (Main Course Book & Supplementary Reader / Non-detailed Text)

8. নতুন মেসোকে দেখে লেখক সম্পর্কে তপনের ধারণা পালটে গেল কেন ? **1 × 2 = 2**

9. নতুন মেসো তপনের লেখা দেখে বলেছেন, "তপনের হাত আছে।" – এই উক্তি অবলম্বনে প্রকৃত লেখকদের বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। **1 × 3 = 3**

**অথবা/OR**

হরিদার অভিনয় ক্ষমতা যে ভণ্ড সন্ন্যাসীর চেয়ে অনেক বেশি এবং নিখুঁত, তা প্রমাণ করো।

10. "কিন্তু আমাকে বাঁচানোর জন্য তো আমার মা আছে।" **1 × 5 = 5**

কথাটা কে কাকে বলেছিল ? কখন বলেছিল ?

উক্তিটির মধ্যে দিয়ে লেখক আসলে কীসের বার্তা দিতে চেয়েছেন বুঝিয়ে দাও।

**অথবা/OR**

'কিন্তু আট আনা ঘুষ নিয়ে তারপর মাস্টারের অনুরোধ রক্ষা করেছিলেন সেই নকল পুলিশ হরিদা।'

কোন ঘটনায় হরিদাকে আট আনা ঘুষ দিতে হয়েছিল ?

যে হরিদা আট আনা ঘুষ না নিয়ে মাস্টারের অনুরোধ রক্ষা করেন না সেই হরিদাইজগদীশবাবুর স্বেচ্ছায় দেওয়া একশো এক টাকা প্রণামী প্রত্যাখ্যান করেন। – এ থেকে হরিদার চরিত্র সম্বন্ধে কী প্রমাণ হয়, বুঝিয়ে দাও।

11. সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো। **1 × 5 = 5**

আমাদের শিশুদের শব
ছড়ানো রয়েছে কাছে দূরে !

**অথবা/OR**

মাথায় কত শকুন বা চিল
আমার শুধু একটা কোকিল
গান বাঁধবে সহস্র উপায়ে

12. ‘বনভূমির ওপারে কোন মনোভূমির দ’য়’ $1 \times 5 = 5$

কবিতাটিতে কবি শহরাঞ্চলের সঙ্গে সেই বনভূমির কী কী পার্থক্যের কথা উল্লেখ করেছেন ? কবির বক্তব্য অবলম্বনে বনভূমির সঙ্গে মনোভূমির সম্পর্ক বুঝিয়ে দাও।

**অথবা/OR**

‘একাকারে মিলিয়ে যাচ্ছে’

কবি একাকারে মিলিয়ে যাবার দৃষ্টান্তগুলির দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছেন কেন ?

কবিতায় ব্যবহৃত তিনটি চিত্রকল্পের মাধ্যমে কবি কী ভাবে তাঁর বক্তব্যকে প্রতিষ্ঠিত করেছেন দেখাও।

13. ‘বড়োগিন্নির সেটা কিছু অসহ্য বোধ হইত।’ $1 \times 5 = 5$

কার লেখা কোন গল্পের পঙ্‌ক্তি ? বড়োগিন্নির কী অসহ্য বোধ হত ?

অসহ্য বোধ হত কেন ? – যে-কোনো তিনটি কারণ উল্লেখ করো।

14. ‘রহমত কাবুলিওয়ালা সম্বন্ধে তিনি সম্পূর্ণ নিঃসংশয় ছিলেন না।’ $1 \times 5 = 5$

কে নিঃসংশয় ছিলেন না ? কাবুলিওয়ালা সম্বন্ধে তাঁর কী সংশয় ছিল ?

তাঁর সম্পূর্ণ নিঃসংশয় না হওয়ার যে-কোনো তিনটি কারণ উল্লেখ করো।

**অথবা/OR**

‘সংসারে এই একটা মহৎ পরিবর্তন দেখা গেল।’

কখন এই পরিবর্তন দেখা গেল ?

কী পরিবর্তন দেখা গেল বর্ণনা করো।

## বিভাগ – D

## SECTION – D

## (সৃজনাত্মক লিখন)

## (Creative Writing)

15. নিম্নলিখিত **যে-কোনো একটি** (any **one**) বিষয় অবলম্বন করে অনুচ্ছেদ রচনা করো। $1 \times 5 = 5$

(I) শেষ রাতে হঠাৎ ভূমিকম্পের অভিজ্ঞতা

(II) অন-লাইন ক্লাসের সুবিধা **অথবা** অসুবিধা

(III) বায়ুদূষণ ও তা রোধের কয়েকটি কার্যকর উপায়

16. নিম্নলিখিত বিষয় অবলম্বনে সম্পাদকের প্রতি পত্র রচনা করো। (শব্দ-সীমা অনধিক ১৫০)

**1 × 5 = 5**

সরকার সম্প্রতি ট্রাফিক রুল বা পথ-বিধি লঙ্ঘনকারী গাড়ি-চালকদের জরিমানার অঙ্ক বাড়িয়েছে। – এ বিষয়ে তোমার নিজস্ব মতামত জানিয়ে কলকাতা থেকে প্রকাশিত 'মহাযান' বাংলা দৈনিকের সম্পাদককে একটি চিঠি লেখো।

**অথবা/OR**

তুমি আসানসোলের মহীশিলা কলোনির বাসিন্দা। এলাকার প্রধান সড়কের অনেক অংশ দীর্ঘদিন ধরে খুব বিপজ্জনক ভাবে খারাপ হয়ে পড়ে আছে। এ বিষয়ে পুর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে স্থানীয় দৈনিক 'আসানসোল সংবাদ' পত্রিকার সম্পাদককে একটি পত্র লেখো।